Addl. CE (Pw)
SE (Pw)
XEN (Pw)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.৩৬৮.০০২.০২.১৫.৫৫৪.২০১৫-১৭৭৬ তারিখঃ ০৪/১০/২০১৬ খ্রিঃ

**বিষয়ঃ পরামর্শক সেবার চুক্তিমূল্যের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ভেরিয়েশেন অনুমোদনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষ সম্পর্কে মতামত।**

সূত্রঃ এলজিইডি/পিডি/এসআরআইআইপি/০১৩.২০১৬ (অংশ-১)/১৩১৫; তারিখঃ ২৪/০৮/২০১৬ খ্রিঃ।

Xen/u

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিধি-৭৮-৮০ এ বর্ণিত সংস্থানের আওতায় ভেরিয়েশনের মৌলিক নীতি হচ্ছে, ভেরিয়েশন অর্ডার এ ক্রমপুঞ্জীভূত মূল্যের পরিমাণ মূল চুক্তিমূল্যের অতিরিক্ত হলে নিম্নরূপভাবে অনুমোদন গ্রহণ করতে হয়ঃ

(ক) ক্রমপুঞ্জীভূত মূল্য চুক্তিমূল্যের ১৫% এর মধ্যে হলে অনুমোদনকারী কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করবেন;
(খ) ক্রমপুঞ্জীভূত মূল্য ১৫%এর অধিক হলে সাধারণত যে অনুমোদনকারী কর্তৃপক্ষ মূল চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদান করেছিলেন তার পরবর্তী উচ্চতর পর্যায়ের কর্তৃপক্ষ থেকে অনুমোদন নিতে হবে;
(গ) ক্রমপুঞ্জীভূত মূল্য মূল চুক্তিমূল্যের ১৫% এর অধিক হলে যদি চুক্তিমূল্য এমনভাবে বৃদ্ধি পায় যে, তা পরবর্তী উচ্চতর ধাপও অতিক্রম করে, তাহলে আর্থিক ক্ষমতা অর্পণ অনুসারে সেই ধাপের অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।

০২। ভেরিয়েশন চুক্তিভূক্ত কার্যের আওতায় গৃহীত হলে এবং চুক্তিমূল্য পরিবর্তন না হলে, কার্যের ক্ষেত্রে এরূপ ভেরিয়েশন ক্রয়কারী কার্যালয় প্রধান অনুমোদন করেন (Standard Tender Document PW3 GCC 61.3), বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার ক্ষেত্রেও একই নীতি অনুসৃত হবে।

(মোঃ ওয়াহেদুন্নবী সরকার)
পরিচালক (বিধি ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯১৪৪২৩০
cptudir@cptu.gov.bd

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাও, শের-ই-বাংলা নগর
ঢাকা।

**অনুলিপিঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।